সংবাদ

তারিখ 04 NOV 2017
পৃষ্ঠা ১০ কলাম ২

# দুর্নীতির কারণে প্রাথমিক শিক্ষা অফিসারকে বদলি

প্রতিনিধি, বাগেরহাট ।

অবশেষে বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ আনিছুর রহমান কে ষ্ট্যান্ড রিলিজ করা হয়েছে। আগামী ৮ নভেম্বরের মধ্যে বর্তমান কর্মস্থলের দায়িত্বভার হস্তান্তর করতে বলা হয়েছে। অন্যথায় ৯ নভেম্বর-২০১৭ তারিখ থেকে তাৎক্ষনিক অবমুক্ত (ষ্ট্যান্ড রিলিষ্ট) বলে গণ্য হবে। তাকে যশোরের মনিরামপুর উপজেলায় বদলি করা হয়েছে। তার স্থলে উপজেলার অপর সকারী শিক্ষা অফিসার আশীষ কুমার নন্দীকে দায়িত্ব প্রদান করা হয়েছে। মোড়েলগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সুত্র জানায়, দুর্নীতিতে আলোচিত উপজেলা শিক্ষা অফিসার মোঃ আনিসুর রহমানের বিরুদ্ধে অধিনস্থ শিক্ষকদের বদলি বানিজ্য, দপ্তরী নিয়োগ বানিজ্য ও অর্থ আত্মসাত সহ নানাবিধ অভিযোগ উঠলে সরকারের ভাবমুর্তি প্রশ্নবিদ্ধ হয়।

**বাগেরহাট**

পত্র-পত্রিকাসহ নানাভাবে বিষয়টি নজরে আসলে বাগেরহাট-৪ আসনের সংসদ সদস্য আলহাজ্ব ডাঃ মোজাম্মেল হোসেন গত ১১ অক্টোবর তাকে তাৎক্ষনিক অবমুক্ত করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালকের বরাবরে ডিও লেটার প্রদান করেন। এরই প্রেক্ষিতে ৩১ অক্টোবর অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশাসন) মোঃ বাহারুল ইসলাম স্বাক্ষরিত ষ্ট্যান্ড রিলিজের প্রজ্ঞাপন জারি করা হয়। এদিকে সংসদ সদস্যের দেয়া ডিও লেটার উপেক্ষা করে ওই শিক্ষা অফিসার আনিছুর রহমান সহ তার দুর্নীতিতে সহযোগী মোড়েলগঞ্জ উপজেলার কয়েকজন শিক্ষক বদলি ঠেকাতে শিক্ষা অধিদপ্তরে ব্যাপকভাবে দেন-দরবার করেও শেষ রক্ষা করতে পারেনি বলে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সুত্র জানায়।